



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৬ নভেম্বর ২০১৮

প্রেসবিজ্ঞপ্তি

সেনাবাহিনীর হাতে এক ইউপিডিএফ সদস্য আটক

রাঙামাটির বাঘাইছড়ি উপজেলাধীন সাজেক-গঙ্গারাম এলাকার করল্যাছড়িমুখ ধারজ কার্বারী পাড়া থেকে এক ইউপিডিএফ সদস্যকে আটক করেছে সেনাবাহিনী। আজ ২৬ নভেম্বর ২০১৮ (সোমবার) দিবাগত রাত আড়াইটার দিকে স্থানীয় বাঘাইহাট জোন থেকে একদল সেনা সদস্য একটি বাড়ি ঘেরাও করলে তিনি আটক হন।

আটককৃত ইউপিডিএফ সদস্যর নাম রিমন চাকমা(২৫), পিতা- সন্তু মনি চাকমা। সে স্থানীয় ৩৫ নং বঙ্গলতুলী মৌজার ৯ নং ওয়ার্ডের বাসিন্দা।

এ ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন রাঙামাটি জেলা ইউনিটের প্রধান সংগঠক শান্তিদেব চাকমা। তিনি সরকারের কঠোর সমালোচনা করে বলেন, সরকার ইউপিডিএফ-এর বিরুদ্ধে নজিরবিহীন দমন-পীড়ন চালাচ্ছে। নির্বাচনের দিন ঘনিয়ে আসছে ততই মারমুখি হচ্ছে প্রশাসন। সরকার চাই না পার্বত্য চট্টগ্রামে গণতান্ত্রিক পরিবেশ বিরাজ করুক। এজন্য ইউপিডিএফ-এর নেতাকর্মীদের ধরপাকড়, হত্যা ও গুম করা হচ্ছে। ইউপিডিএফ প্রধান এবং সকল শীর্ষ নেতাসহ সকল স্তরের নেতাকর্মীদের বিরুদ্ধে পরিকল্পিতভাবে হয়রানিমূলক মিথ্যা মামলা দেয়া হচ্ছে।

তিনি অবিলম্বে ধরপাকড়, মিথ্যা মামলা ও খুন-গুম বন্ধের দাবি জানান। এবং আগামী একাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে করার লক্ষে ইউপিডিএফ-এর ছয় দফা দাবি মেনে নেয়ার আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।